সংবাদ

06 AUG 2016
পৃষ্ঠা ২১ ... কলাম ... ৭

### প্রতিবেদন প্রকাশের পর

# বদলগাছীতে স্কুলের মাঠে হাট বাজার না বসানোর সিদ্ধান্ত

সানজাদ রয়েল সাগর বদলগাছী (নওগাঁ) থেকে

নওগাঁর বদলগাছী সদরে অবস্থিত প্রশাসনের নাকের ডগায় সুনামধন্য দুটি শিক্ষাপ্রতিষ্ঠান মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও সম্প্রতি ঘোষিত বদলগাছী (সরকারি) মডেল পাইলট উচ্চ বিদ্যালয় মাঠ ও দখল করে হাট-বাজার। বিপাকে শিক্ষক-শিক্ষার্থীদের ও কমলমতি শিক্ষার্থীরা। এমন শিরোনামে গত ২২ জুলাই ঢাকা থেকে প্রকাশিত জাতীয় দৈনিক সংবাদ পত্রিকায় এক প্রতিবেদন প্রকাশিত হয়। প্রতিবেদন প্রকাশের পর বিষয়টি স্কুল কর্তৃপক্ষ ও স্থানীয় প্রশাসনের নজরে আসে। অবশেষে গত বুধবার ৩ আগস্ট বদলগাছী সম্প্রতি সরকারিকরণকৃত মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের স্কুল কর্তৃপক্ষ স্থানীয় প্রশাসনের সহযোগিতার স্কুল মাঠে আজ শনিবার ৬ আগস্ট থেকে হাট-বাজার বসার নিষিদ্ধ ঘোষণা করে উপজেলা সদরসহ বিভিন্ন জনগুরুত্বপূর্ন স্থানে মাইকিং করেছে। এ বিষয়ে গতকাল বৃহস্পতিবার মোবাইল ফোনে পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুরেশ সিংহ এর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি তার স্কুল মাঠ নিয়ে লেখা লেখির জন্য জাতীয় দৈনিক সংবাদের এ প্রতিনিধিকে ধন্যবাদ জানিয়েছে। এবং আজ শনিবার হাটের দিন স্কুল মাটে শিক্ষার্থীদের নিয়ে খেলা ধুলার আয়োজন করেছেন বলে তিনি জানান। উল্লেখ্য স্কুল মাঠে সপ্তাহে ২ দিন শনিবার ও বুধবার হাট-বাজার বসতো। এতে মডেল পাইলট উচ্চ বিদ্যালয় ও মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকদের স্কুলে যাতাযাতের চরম ভোগান্তির সৃষ্টি হতো। স্থানীয় প্রশাসনের উদ্যোগ ও স্কুল কর্তৃপক্ষের সম্মেলিত প্রচেষ্টায় দীর্ঘ্য দিনের সমস্যা নিরসন হতে যাচ্ছে ভেবে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবক বৃন্দের মাঝে আনন্দের বন্যা বয়ে যাচ্ছে।